# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 16 April, 2025

কক্সবাজারের টেকনাফে মেরিন ড্রাইভের পাশের একটি খোলা জায়গায় অবিস্ফোরিত অবস্থায় একটি হ্যান্ড গ্রেনেড (হাত বোমা) পাওয়া গেছে।

বুধবার বেলা সাড়ে ১১টায় টেকনাফ সদর ইউনিয়নের খোনকারপাড়া এলাকায় পরিত্যক্ত অবস্থায় অবিস্ফোরিত হ্যান্ড গ্রেনেডটি পুলিশ সদস্যরা ঘিরে রেখেছেন। এ তথ্যটি নিশ্চিত করেছেন টেকনাফ মডেল থানা ওসি মুহাম্মদ গিয়াস উদ্দিন।

তিনি বলেন, বুধবার দুপুরের দিকে টেকনাফ সদর ইউনিয়নের মেরিন ড্রাইভ সংলগ্ন খোনকারপাড়ায় নির্মাণাধীন ভবন ওয়েভস পয়েন্ট লিমিটেডের পাশে খোলা জায়গায় পরিত্যক্ত একটি অবিস্ফোরিত অবস্থায় হ্যান্ড গ্রেনেড (বোমা সদৃশ্য) বস্তু খবরে পুলিশ ঘটনাস্থলে পৌছে এলাকাটি ঘিরে রেখেছেন। এই বিষয়টি বাংলাদেশ সেনাবাহিনীর বোমা ডিসপোজাল ইউনিটকে অবহিত করা হয়েছে। ঘটনাস্থলে পৌছে বাংলাদেশ সেনাবাহিনী প্রতিনিধি দলটি নিষ্ক্রিয় করার কাজ করবে৷

ঘটনার স্থলে থাকা উপপরিদর্শক (এস আই) খোকন কান্তি রুদ্র বলেন, খবর পাওয়ার পর পুলিশের চারজন সদস্য ওই এলাকাটি ঘিরে রাখা হয়েছে।বাংলাদেশ সেনাবাহিনীর বোমা ডিসপোজাল ইউনিটকে বুঝিয়ে দেওয়া হবে।এরপর তারা ব্যবস্থা গ্রহণ করবেন।

মেরিন ড্রাইভ হ্যান্ড গ্রেনেড পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: https://timestodaybd.com/chittagong/176504901